গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
কলাপাড়া, পটুয়াখালী
www.pio.kalapara.patuakhali.gov.bd

স্মারক নং-৫১.০১.৭৮৬৬.০০০.৪২.০৩১.২৫- ৯২১ তারিখঃ ১৭/০৫/২০২৬ খ্রিঃ

বিষয়ঃ **২০২৫-২০২৬ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৬ উপলক্ষ্যে উপজেলা ও পৌরসভাওয়ারী ভিজিএফ খাদ্যশস্য (চাল) সহায়তা প্রদানের নিমিত্তে নামের তালিকা দাখিল ও সরবরাহ আদেশ প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ ক) জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী এর স্মারক নং ৫১.০১.৭৮০০.০০০.৪২.০১৮.২৬-১৫৪ তারিখ: ১০ /০৫/২০২৬ খ্রিঃ
খ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং ৫১.০১.০০০০.০১৮.২০.০০৩২.২৫-২০৪, তারিখঃ ০৩/০৫/২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থ বছরে ভিজিএফ কর্মসূচির আওতায় পবিত্র ঈদ-উল-আযহা/২০২৬ উপলক্ষ্যে দুঃস্থ/ অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে সহায়তা প্রদানের জন্য ১০ কেজি হারে অত্র উপজেলায় ২০,১৫৩ টি ও ২টি পৌরসভায় (কলাপাড়া ও কুয়াকাটা) ৭৭১০টি সর্বমোট ২৭,৮৬৩টি কার্ডের বিপরীতে ২৭৮.৬৩০ মেঃ টন ভিজিএফ (চাল) উপ-বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত উপ-বরাদ্দ ভিজিএফ (চাল) বিনামুল্যে বিতরণের জন্য ২৭,৮৬৩টি কার্ড নিম্নরুপভাবে বিভাজন করা হলো এবং সরবরাহ আদেশ প্রদান করা হলো।

| ক্রঃ নং | ইউনিয়ন/ পৌরসভার নাম | যাকে প্রদান করা হবে | ভিজিএফ কার্ড সংখ্যা | উপ-বরাদ্দের(চাল) পরিমাণ(মে:টন) | বিতরণের সম্ভাব্য তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চাকামইয়া | চেয়ারম্যান, চাকামইয়া ইউনিয়ন পরিষদ | ১৫৬০ | ১৫.৬০০ | ১২/০৫/২০২৬ | - |
| ০২ | টিয়াখালী | চেয়ারম্যান, টিয়াখালী ইউনিয়ন পরিষদ | ১৩৬৫ | ১৩.৬৫০ | ১২/০৫/২০২৬ | - |
| ০৩ | লালুয়া | চেয়ারম্যান, লালুয়া ইউনিয়ন পরিষদ | ১৬৪৩ | ১৬.৪৩০ | ১২/০৫/২০২৬ | - |
| ০৪ | মিঠাগঞ্জ | চেয়ারম্যান, মিঠাগঞ্জ ইউনিয়ন পরিষদ | ১১০৫ | ১১.০৫০ | ১২/০৫/২০২৬ | - |
| ০৫ | নীলগঞ্জ | প্রশাসক, নীলগঞ্জ ইউনিয়ন পরিষদ | ২৭৬০ | ২৭.৬০০ | ১৩/০৫/২০২৬ | - |
| ০৬ | মহিপুর | চেয়ারম্যান, মহিপুর ইউনিয়ন পরিষদ | ১৯৯০ | ১৯.৯০০ | ১৩/০৫/২০২৬ | - |
| ০৭ | লতাচাপলি | প্যানেল-০১, লতাচাপলি ইউনিয়ন পরিষদ | ২৪৬৫ | ২৪.৬৫০ | ১৩/০৫/২০২৬ | - |
| ০৮ | ধানখালী | প্রশাসক, ধানখালী ইউনিয়ন পরিষদ | ১৪৯০ | ১৪.৯০০ | ১৩/০৫/২০২৬ | - |
| ০৯ | ধুলাসার | চেয়ারম্যান, ধুলাসার ইউনিয়ন পরিষদ | ১৭৩৫ | ১৭.৩৫০ | ১৪/০৫/২০২৬ | - |
| ১০ | বালিয়াতলী | চেয়ারম্যান, বালিয়াতলী ইউনিয়ন পরিষদ | ১৫৫০ | ১৫.৫০০ | ১৪/০৫/২০২৬ | - |
| ১১ | ডালবুগঞ্জ | চেয়ারম্যান, ডালবুগঞ্জ ইউনিয়ন পরিষদ | ১০৪৫ | ১০.৪৫০ | ১৪/০৫/২০২৬ | - |
| ১২ | চম্পাপুর | প্রশাসক, চম্পাপুর ইউনিয়ন পরিষদ | ১৪৪৫ | ১৪.৪৫০ | ১৪/০৫/২০২৬ | - |
| ১৩ | কলাপাড়া পৌরসভা | প্রশাসক, কলাপাড়া পৌরসভা | ৪৬২৫ | ৪৬.২৫০ | ১২/০৫/২০২৬ | - |
| ১৪ | কুয়াকাটা পৌরসভা | প্রশাসক, কুয়াকাটা পৌরসভা | ৩০৮৫ | ৩০.৮৫০ | ১৪/০৫/২০২৬ | - |
| | | সর্বমোট- | ২৭,৮৬৩ | ২৭৮.৬৩০ | | |

এমতাবস্থায়, উপরোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক ইউনিয়ন / পৌরসভা ভিজিএফ কমিটির রেজুলেশন এবং উপকারভোগী যাচাই-বাছাইয়ের স্বচ্ছতার জন্য উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ব্যক্তিদের এবং ট্যাগ অফিসারদের স্বাক্ষরিত উপকারভোগীর নামের তালিকা বিধি মোতাবেক বিনা ব্যর্থতায় আগামী ১০/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো এবং ২০/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে বিতরণ ও উত্তোলন সম্পন্ন করতে হবে।

টি,ও নং- ৩১০৭৪২৫ হতে ৩১০৭৪৩৮ পর্যন্ত
তাং- ১৯/৫/২৬ - ২০/৫/২৬

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কলাপাড়া, পটুয়াখালী

<u>বিষয়টি অতি জরুরী।</u>

<u>ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের শর্তাবলীঃ</u>

ক) বরাদ্দকৃত ভিজিএফ চাল অবশ্যই ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরন নিশ্চিত করতে হবে।

খ) ভিজিএফ কর্মসূচির খাদ্যশস্য বিতরণকালে বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর নাম সম্বলিত ব্যানার ব্যবহার করতে হবে।

গ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী ওয়ার্ড ভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃ বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd এ ওয়েব সাইটে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।

ঘ) দুঃস্থ/ অতিদরিদ্র ব্যক্তি পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।

ঙ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবারকে দুঃস্থ অতিদরিদ্য বলে গন্য হবে।

০১। যে পরিবারের মালিকানায় কোনো জমি নেই বা ভিটা বাড়ী ছাড়া কোনো জমি নাই।

০২। যে পরিবার দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল।

০৩। যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।

০৪। যে পরিবারে উপার্জনক্ষম পূর্ন বয়স্ক কোন পুরুষ সদস্য নেই।

০৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
০৬। যে পরিবারে উপার্জনশীল কোনো সম্পদ নাই।
০৭। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যাক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্ত মহিলা।
০৮। যে পরিবারের প্রধান অস্বচ্ছল মুক্তিযোদ্ধা।
০৯। যে পরিবারের প্রধান অসচ্ছল/অক্ষম/প্রতিবন্ধি।
১০। যে পরিবার কোন ক্ষুদ্রঋণ প্রাপ্ত হয়নি।
১১। যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের স্বীকার হয়ে চরম খাদ্য /অর্থ সংকটে পড়েছে।
১২। যে পরিবার সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায়না।

ঙ) ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্নিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হবে।
চ) একই পরিবারের একাধিক ব্যক্তি কোনক্রমেই ভিজিএফ কার্ড পাবার জন্য যোগ্য বিবেচিত হবে না।
ছ) উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলা অর্ন্তভুক্তি নিশ্চিত করতে হবে।

(কাউছার হামিদ)
উপজেলা নির্বাহী অফিসার
কলাপাড়া, পটুয়াখালী

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কলাপাড়া, পটুয়াখালী।

প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল-১
.......................................পৌরসভা/ইউনিয়ন পরিষদ

স্মারক নং-৫১.০১.৭৮৬৬.০০০.৪২.০৩১.২৫- ১২১ তারিখঃ ১৮/০৫/২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও জ্ঞাতার্থের জন্য প্রেরণ করা হলো।
১। মাননীয় সংসদ সদস্য, ১১৪ পটুয়াখালী-৪, বাংলাদেশ জাতীয় সংসদ।
২। জেলা প্রশাসক, পটুয়াখালী।
৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, পটুয়াখালী।
৪। উপজেলা .......................................কর্মকর্তা, কলাপাড়া ও ট্যাগ অফিসার.......................................ইউনিয়ন।
৫। অফিস কপি।

(মোঃ মোকছেদুল আলম)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
কলাপাড়া, পটুয়াখালী